৪০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান রোড, (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫
www.banbeis.gov.bd

বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও মূল্যায়ন বিষয়ক কমিটির সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ কায়ছার রহমান, পরিচালক, ব্যানবেইস |
| সভার তারিখ ও সময় | : | ২৬.০৮.২০২১ খ্রিঃ, বৃহস্পতিবার সকাল: ১১.০০ ঘটিকা |
| স্থান | : | ব্যানবেইস সভাকক্ষ |
| উপস্থিতি | : | সভায় উপস্থিত কর্মকর্তাগণের বিবরণ পরিশিষ্ট 'ক' এ সন্নিবেশিত |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ফোকাল পারসন ও সহকারী পরিসংখ্যান অফিসার সভায় অবহিত করেন যে, গত ২৫.০৮.২০২১ তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত সভায় ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা এবং মূল্যায়নের বিষয়ে দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত প্রশিক্ষণ কর্মশালায় স্ব-মূল্যায়নে যে সমস্ত গ্যাপ আছে তা সংশোধন করার বিষয়ে সচিব মহোদয় গুরুত্বারোপ করেন। তিনি আরও বলেন যে, সময়মত কাজ সম্পন্ন করা, রেকর্ড সংরক্ষণ এবং সময়মত উপস্থাপন করার জন্য নির্দেশনা দেন এবং তা টেকসই করার জন্য বলেন। তিনি উল্লেখ করেন যে, সকল দপ্তর/সংস্থা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নির্দেশিকা অনুসরণপূর্বক স্ব স্ব কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন করবে এবং আওতাধীন আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যালয় সমূহের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়নের নির্দেশনা ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে এবং নিবিড় মনিটরিং করার জন্য নির্দেশনা দেন। এ প্রেক্ষিতে সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় উল্লিখিত কাজে দায়িত্বপ্রাপ্ত বিভাগীয় প্রধান ও কর্মকর্তাগণকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার অনুরোধ করেন।

২। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়নের লক্ষ্যে করণীয় নির্ধারণ বিষয়ে আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| নং | আলোচ্য বিষয় | আলোচনা | মতামত/ সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | প্রশিক্ষণ আয়োজন | গত ২৫.০৮.২০২১ তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত সভায় উপস্থাপিত নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কম্পোনেন্টওয়াইজ আলোচনার জন্য সকল কর্মকর্তাদের নিয়ে একদিনের প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা ২০২১-২০২২ যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে কম্পোনেন্টওয়াইজ আলোচনার জন্য সকল কর্মকর্তাদের নিয়ে একদিনের প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | জনাব হাবিবুর রহমান, সহকারী পরিচালক (প্রশা.) ও জনাব মো: তরিকুল ইসলাম, সহ: পরিসংখ্যান অফিসার |

| নং | আলোচ্য বিষয় | আলোচনা | মতামত/ সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২. | পরিদর্শন চেকলিস্ট খসড়া প্রস্তুত | সকল বিভাগ/শাখা বা অধিনস্ত সেন্টার পরিদর্শনের জন্য একটি চেকলিস্ট এর খসড়া প্রস্ততের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এ বিষয়ে একটি খসড়া প্রস্তুতের জন্য প্রোগ্রামার জনাব মো: মিজানুর রহমান ও ফোকাল পারসন জনাব মো: তরিকুল ইসলামকে অনুরোধ জানানো হয়। | সকল বিভাগ/শাখা বা অধিনস্ত সেন্টার পরিদর্শনের জন্য একটি চেকলিস্ট এর খসড়া প্রস্তুত করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | জনাব মো: মিজানুর রহমান, প্রোগ্রামার ও জনাব মো: তরিকুল ইসলাম |

৩। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/৮/২১

( মোঃ কায়ছার রহমান )
পরিচালক
ফোন : ৫৫১৫২১০২
Email: director@banbeis.gov.bd

স্মারক নং-৩৭.২০.০০০০.০০৩.২৫.০৮৫.২০২০-৪১০৯

তারিখ: ১১ ভাদ্র ১৪২৮ / ২৬ আগস্ট ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

(১) অতিরিক্ত সচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(২) বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(৩) জনাব ..............................................................
(৪) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালকের সদয় অবগতির জন্য)
(৫) অফিস কপি

২৬/৮/২০২১

(মোহাঃ তরিকুল ইসলাম)
সহকারী পরিসংখ্যান অফিসার
ও ফোকাল পারসন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।

২৬/০৮/২০২১ খ্রি. তারিখ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর বার্ষিক স্ব-মূল্যায়ন ও এর আলোকে আগামী জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন বিষয়ক সমন্বয় সভার উপস্থিতি।

**স্থান: পরিচালক মহোদয়ের কক্ষ**

| ক্রমিক | নাম ও পদবী | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১) | মোঃ মাহফুজুর রহমান | 01715937907 | [signature] |
| ২) | মো: আব্দুস সালাম উপপরিচালক (প্রশাসন) | 01712198987 | [signature] |
| ৩) | মোঃ মোস্তাফিজুর রহমান (সহকারী প্রোগ্রামার, ...) | ০১৭১১৫২৬৮২৫৪ | [signature] |
| ৪) | মোঃ মিজানুর রহমান | 01911035297 | [signature] |
| ৫) | নূর মোহাম্মদ | 01710980992 | [signature] |
| ৬) | মোঃ মোশাররফ হোসেন সহ. প্রোগ্রা (অর্থ) | ০১৭২৪৯২১৭৪২ | [signature] |
| ৭) | হাবিবুর রহমান AD(A) | 01712887272 | [signature] 25/08/21 |
| ৮) | মোহাঃ তরিকুল ইসলাম | 01817045377 | [signature] |
| ৯) | | | |
| ১০) | | | |
| ১১) | | | |
| ১২) | | | |